

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 28 June, 2025

জামালপুরের দেওয়ানগঞ্জে প্রাইভেটকারের ধাক্কায় আতাউর রহমান (৫৪) নামে এক শিক্ষক নিহত এবং সামিউল ইসলাম (৬০) নামে ব্যক্তি আহত হয়েছেন।

আজ শনিবার (২৮ জুন) সকালে দেওয়ানগঞ্জ-সানন্দবাড়ি সড়কের পোল্লাকান্দি ব্রিজ বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

বিষয়টি নিশ্চিত করেছেন দেওয়ানগঞ্জ মডেল থানার ওসি নাজমুল হাসান।

নিহত আতাউর রহমান পোল্লাকান্দি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্লাকান্দি গ্রামের মৃত শামসুদ্দিন বাচ্চু মিয়ার ছেলে। আহত ছামিউল ইসলাম পোল্লাকান্দি নামাপাড়া গ্রামের মৃত অজিমদ্দিনের ছেলে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, সকালে ফজরের নামাজ শেষে রাস্তায় হাঁটতে বের হন শিক্ষক আতাউর রহমান। সে সময় সামিউল ইসলাম নামে এক ব্যক্তি তার সাথে হাটছিলেন। এ সময় সড়কের উল্টোদিক থেকে আসা ঢাকাগামী একটি প্রাইভেটকার আতাউর রহমান ও সামিউল ইসলামকে ধাক্কা দেয়। এতে দুজনই গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাদেরকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শিক্ষক আতাউর রহমানকে মৃত ঘোষণা করেন এবং সামিউল ইসলামের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন।

এ বিষয়ে দেওয়ানগঞ্জ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হাসান জানান, দুর্ঘটনায় খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। প্রাইভেটকার চালক পালিয়ে যায় প্রাইভেটকারটি জব্দ করে থানায় আনা হয়েছে।

এ ঘটনায় শিক্ষক আতাউর রহমান নামে একজন নিহত ও আরও একজন গুরুতর আহত হয়েছেন। এ বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

জামালপুর

URL: <https://www.timestodaybd.com/across-the-country/7758073876>